# বেতার জগৎ


INDIAN STATE BROADCASTING SERVICE

· ORGAN OF THE CALCUTTA STATION ·

Vol. II. No. VII. 19th December, Friday, 1930. One Anna.

২য় বর্ষ, ৭ম সংখ্যা ] ১৯শে ডিসেম্বর, শুক্রবার ১৯৩০, ৩রা পৌষ, ১৩৩৭। [ এক আনা


## বক্সিং প্রতিযোগীতা



গ্লোব থিয়েটারে বক্সিং প্রতিযোগীতায় যাঁরা অংশ গ্রহণ করেন তাঁদের কয়েকজনের ফটো প্রকাশ করা হোল। কলিকাতা ষ্টেশন সেইদিনই এই প্রতিযোগীতার সমস্ত বর্ণনা সেখান থেকে রীলে কোরে পাঠিয়েছিলেন।

বাম হইতে দক্ষিণে—সার্জেণ্ট হাগিন্স্ ( এন্ ডাবল্যু রেলওয়ে )—শিক্ষক, মিঃ হোয়াইটসাইড ( এন্ ডাবল্যু রেলওয়ে )—লাইট ওয়েটের বিজেতা, মিঃ চ্যাটারটন্ ( এন্ ডাবল্যু রেলওয়ে )—হেভি ওয়েটের বিজেতা।

THE

# COMMONWEALTH ASSURANCE CO., LTD.

**Chairman : N. C. KELKAR**

*Head Office* : Poona.

POLICY NEVER LAPSES
EVEN FOR NON PAYMENT
AGENTS, COMMISSION
LIBERAL & HEREDITARY


Chief Agents :

International Agencies Ltd.

*96, Ashutosh Mukerjee Road, Calcutta*


Phone : South **594.**

# WHY NOT MAKE YOUR OWN RADIO SET ?



No experience required. If you are keen about it, our engineers will guide you to do so. Once you make your own set, you won't have to be troubled. It will cost you 50 per cent less. Special concessions to students & amateurs. For particulars write to :

**INTERNATIONAL RADIO EMPORIUM**
**96, Ashutosh Mukherjee Road.**
**BHOWANIPUR, CALCUTTA. Phone : South 594.**



# বেতারযন্ত্র

# ও টাইপরাইটার



ঝক্‌ঝকে নূতন টাইপরাইটার, বেতারযন্ত্র, স্বরবর্দ্ধক যন্ত্র, বৈদ্যুতিক গ্রামোফোন, নূতন ও সেকেণ্ডহ্যাণ্ড টাইপরাইটার ( খুব উৎকৃষ্ট অবস্থার ) যদি কিনতে চান তা হলে আমাদের দোকানে আসুন। আমরা প্রচুর পরিমাণে এই সমস্ত দ্রব্য আমদানী করেছি। মফঃস্বলের ক্রেতাদের কাছে পছন্দ করবার জন্য দশদিন জিনিষ রাখা হয়। কোন টাইপরাইটার বা বেতারযন্ত্র চট্ করে কিনবেন না যতক্ষণ না আমাদের সচিত্র ক্যাটালগ পাচ্ছেন। চাইলেই বিনামূল্যে তা পাঠিয়ে দোব। এই সমস্ত যন্ত্র যদি খারাপ হয় তা হলে আমরা তৎক্ষণাৎ ইউরোপীয় কারিগর দিয়ে মেরামত করে দিই। খুচরা যন্ত্রাদিও আমাদের কাছে কিনতে পাবেন। আমাদের জিনিষ উৎকৃষ্ট অথচ দাম খুব কম।

## নতুন মডেলের

৩ ভ্যালব্ ডি, সি মেন সেট ৭৫৲, ৪ ভ্যাল্‌বের স্ক্রীন্ গ্রীড্ পোর্টেবেল সর্ট লং ও সর্ট ওয়েভ ফ্রেম এরিয়েল শুদ্ধ ২৭৫৲ টাকা। ( রেমিংটন, আণ্ডারউড, করোনা ইত্যাদি ) সর্ব্বরকমের টাইপরাইটার ৬৫৲ টাকা থেকে তদূর্দ্ধ।

## জি, রজার্স এণ্ড কোং,

২৩ লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

ফোন ৫৪৭১ কলিকাতা।

# আমাদের কথা

বিনা লাইসেন্সে বেতার-যন্ত্র রাখার অপরাধে কিছুদিন পূর্ব্বে জনৈক ভদ্রলোকের শাস্তি হ'য়েছিল সে কথা বোধ হয় আমাদের শ্রোতৃবর্গের স্মরণ আছে। সে স্মৃতি পুরাতন হ'তে না হ'তেই আবার জনৈক বৃদ্ধ ভদ্রলোক পুলিশ কোর্টে অভিযুক্ত হয়েছিলেন। অপরাধ একই এবং এর জন্যে ৫০৲ টাকা অর্থদণ্ড এবং লাইসেন্সের টাকা তাঁকে দিতে হয়েছে। আমাদের বারংবার অনুরোধ, মিনতি সত্ত্বেও যাঁরা লাইসেন্স গ্রহণ করিতে রাজী নন এবং যাঁরা নিজেদের অত্যন্ত চতুর ভাবেন তাঁদের এই দুর্দ্দশা ও লাঞ্ছনায় আমরা বিস্ময়ের কিছু খুঁজে পাই না। শুধু মনে হয় এ ছাড়া আর কোন উপায়ও তো নেই।

---

শোনা যাচ্ছে যে বেতার লাইসেন্স বিভাগের কর্তৃপক্ষ ভবিষ্যতে সাধ্যমত চেষ্টা করবেন চুরি বন্ধ করতে। তাঁদের পরিদর্শকরা উঠে পড়ে লেগেছেন এই চুরির একটা বিহিত কর্ব্বার জন্যে। তাঁরা শীঘ্রই আরও কতকগুলি লোককে নাকি আদালতে অভিযুক্ত করবেন। লাইসেন্স বিভাগের কার্য্যপদ্ধতির সমালোচনা কর্ব্বার অধিকার আমাদের নেই তবে এইটুকু মাত্র আমরা বলতে পারি যে তাঁরা যা করছেন তা' বোধ হয় ভালই কর্চ্ছেন।

---

লাইসেন্স না-নেওয়া শুধু বেতার প্রতিষ্ঠানের পক্ষে ক্ষতিকর নয় বেতারের সুহৃদ শ্রোতৃবর্গের স্বার্থের পক্ষে হানিকরও বটে। বেতারের প্রত্যেক অনুষ্ঠানটি অধিকতর মনোরম হ'তে পারে যদি প্রত্যেকেই প্রাপ্য অর্থ প্রদান করেন। কোন প্রতিষ্ঠানই বরাবর আর্থিক ক্ষতি সহ্য কোরে দাঁড়িয়ে থাকতে পারে না। অথচ সামান্য কয়েকটি টাকার জন্য আদালতে তস্করের শ্রেণীভুক্ত কোরে অনেককে অভিযুক্ত করাও আমাদের পক্ষে মোটেই প্রীতিপ্রদ নয়। কিন্তু সমস্ত প্রতিকারের উপায় যখন অবরুদ্ধ হ'য়ে যায় তখন বাধ্য হ'য়েই এই কঠোর আচরণকেও সমর্থন কর্ত্তে হয়।

---

দেশের ছোট ছোট ছেলে মেয়েরা বেতার থেকে যাতে প্রচুর আনন্দ পায় তার জন্য আমরা যথেষ্ট চেষ্টা করছি। তাদের মধ্যে যাতে বন্ধুত্ব হয় পরস্পর পরস্পরের সঙ্গে ভাব বিনিময় কোরে যাতে আরও উন্নত হয় এবং মাঝে মাঝে সকলে যাতে সম্মিলিত হ'য়ে আনন্দ করতে পারে সেই উদ্দেশে আমরা একটি রেডিও সার্কেল বা "বেতার-সঙ্ঘ" গড়ে তুলছি। আপনাদের ছোট ছোট ছেলেমেয়েদের এই সঙ্ঘের সভ্যশ্রেণীভুক্ত কোরে দিলে তারা লাভবান্ হবে নিশ্চয়। এ বিষয়ের একটু বিবরণ আমরা ছোটদের বৈঠকে প্রকাশ করলুম।

---

এবারের অনুষ্ঠানের মুখপাতেই সুপ্রসিদ্ধ সাহিত্যিক শ্রীসৌরীন্দ্র মোহন মুখোপাধ্যায় মহাশয়ের একটি কৌতুক নাটিকা 'যৎকিঞ্চিৎ' অভিনয়ের আয়োজন করা হ'য়েছে। সৌরীন্দ্র বাবুর নাটকের পরিচয় দেওয়া নিষ্প্রয়োজন। হাস্যরস রচনায় তাঁর খ্যাতি সুদূরপ্রসারী, সেইজন্য আপনারা আশা করতে পারেন নাটিকাটি আপনাদের আনন্দ বর্দ্ধন করবে। অভিনয় করবেন বেতার নাটুকে দল।

---

২২শে ডিসেম্বর তারিখে বেতার নাটুকে দল কতকগুলি নির্ব্বচিত দৃশ্যের অভিনয় করবেন এবং মাঝে মাঝে বেতার অর্কেষ্ট্রা শ্রীযুত অবনিভুষণ মুখোপাধ্যায়ের নির্দ্দেশে কতকগুলি সু-নির্ব্বাচিত ও নতুন গান বাজাবেন। এ রাত্রের অনুষ্ঠানটিও আপনাদের মনোহরণ কর্‌বে সন্দেহ নেই।

---

এর পরের শুক্রবার ২৬শে ডিসেম্বর বেতার নাটুকে-দল একটি নতুন নাটক নিয়ে অবতীর্ণ হবেন। ন টকটির নাম 'কর্পূর-মঞ্জরী' এর রচয়িতা সু-কবি বাণীকুমার ভট্টাচার্য্য। নাটকটি বেতার উপযোগী ক'রেই লেখা হয়েছে।

---

শনিবার ২০শে ডিসেম্বর তারিখে ঘোড়দৌড়ের মাঠ থেকে রীলে করা হবে। মহামান্য বড়লাট বাহাদুরের ও বঙ্গের লাটবাহাদুরের আগমন বার্ত্তা সামরিক ব্যাণ্ড এবং দৌড়ের ফলাফল সমস্তই তৎক্ষণাৎ আপনারা শুনতে পাবেন। ঘোষণা করবেন মিঃ রেক্স ফিসার। সময় বেলা তিনটে। মহিলা মজলিস শেষ হবার পরেই এই অনুষ্ঠানটি সুরু হবে। ২৬শে ডিসেম্বর শুক্রবার Viceroy's Cupএর প্রতিযোগীতার দিনেও এই ব্যবস্থা হয়েছে।

---

ঘোড়দৌড় কখন আরম্ভ হবে এবং কখন লাট-বাহাদুররা সেখানে এসে পৌঁছবেন সে সম্বন্ধে এখনও আমরা বিশেষ কোন সংবাদ পাইনি বোলে ঠিক সময় আপাততঃ জানাতে পারলুম না। পরে আমরা মাইক্রো-ফোনে জানাব।

---

অনেকদিন ধরে' ছাত্রেরা অনুযোগ কর্‌ছিলেন তাঁদের জন্য কোন স্বতন্ত্র সময় দেওয়া হয়নি বোলে। তাঁদের অনুরোধে আমরা মঙ্গলবার ৩০শে ডিসেম্বর তারিখের সন্ধ্যা সাতটায় বক্তৃতার আয়োজন করেছি বক্তৃতা করবেন "আনন্দবর্দ্ধন"। যদি এই আসরটি সাফল্য লাভ করে তাহোলে ভবিষ্যতে আমরা সুবিখ্যাত অধ্যাপকদের আমন্ত্রণ কোরে ছাত্রদের জন্য বিশেষ ব্যবস্থা করতে পারি। এ সম্বন্ধে ছাত্রেরা আমাদের জানালে বিশেষ বাধিত হব।

---

মিঃ আর, সি, বড়ালের অধিনায়কতায় এক্স্ অর্কেষ্ট্রা এই অল্পদিনের মধ্যেই সাধারণের খুবই প্রিয় হয়ে উঠেছে। অনেকে আমাদের অনুরোধ করেছেন যে প্রতি সপ্তাহে আমরা এঁদের বাজনার আয়োজন করি, কিন্তু আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে তা' করা এখন কিছুতেই সম্ভবপর নয়। কারণ এঁরা যা গৎ বাজান সেগুলি আয়ত্ত করা কিছু সময় সাপেক্ষ এবং সেইজন্য একটু দীর্ঘ বিরতি অবশ্যম্ভাবী। এই বারের প্রোগ্রামে ২০শে ডিসেম্বর শনিবার এক্স্ অর্কেষ্ট্রা তাঁদের নবসম্ভার নিয়ে আবার আপনাদের অর্ঘ্য প্রদান করবেন।

---

ভারতীয় প্রোগ্রামের পরিচালক নৃপেন্দ্রনাথ মজুমদার মহাশয়ের উদ্ভাবিত বাংলা সিম্‌ফনি অর্কেষ্ট্রারও প্রচুর সুখ্যাতি পত্র আমরা পেয়েছি। অফিক ক্লাব এই সিম্‌ফনি অর্কেষ্ট্রা বাজিয়েছিলেন। এঁদের সম্প্রদায় পুনরায় খুব অল্পদিনের মধ্যেই আপনাদের এই ধরণের নতুন অর্কেষ্ট্রা শোনাবেন। সে জন্য সুরও গৎ আবার রচনা করা হচ্ছে।

---

এবারের প্রোগ্রামে প্রতি সপ্তাহে শনি ও রবিবারের প্রোগ্রাম যতদূর চিত্তবিনোদকর হ'তে পারে তা' আমরা কোরেছি। আপনাদের অবসর মুহূর্ত্তগুলি সুখপ্রদ হয়ে উঠবেই আমাদের দৃঢ় বিশ্বাস।

---

মঙ্গলবার ২৩শে ডিসেম্বর তারিখের রাত্রের অনুষ্ঠানে যন্ত্র-সঙ্গীতের ব্যবস্থা হয়েছে। সঙ্গীত-শিক্ষাদান শেষ হবার

পরই যন্ত্র-সঙ্গীত অনুষ্ঠানের আরম্ভ। সুবিখ্যাত যন্ত্র-বাদকেরা সেইদিন আপনাদের অভিবাদন করবেন।

---

সাধারণ প্রোগ্রাম প্রত্যেকদিনই বিচিত্রভাবে সাজান হয়েছে। সকলশ্রেণীর ও সকলমতের শ্রোতাই প্রত্যেক অনুষ্ঠান থেকে যথেষ্ট রসগ্রহণের সুযোগ পাবেন। ধর্ম্ম সঙ্গীত, যন্ত্র-সঙ্গীত, কীর্ত্তন, বাউল, ভাটিয়ালী সকলশ্রেণীর গান, হাস্যকৌতুক প্রভৃতি বিভিন্ন প্রকারের আয়োজন হয়েছে।

---

ইউরোপীয় প্রোগ্রামের মধ্যে যে সমস্ত জিনিষ আপনাদের ভাল লাগবে তার একটি তালিকা দিচ্ছি। শুক্রবার ১৯শে ডিসেম্বর বেলা ১টা ১৫মিঃ, জন হেনড্রির বক্তৃতা——"কেন মানুষ মেরু-প্রদেশে যায়?" রবিবার ২১শে ডিসেম্বর দ্বিপ্রহর ১১-৩০ মিঃ—১টা পর্য্যন্ত লয়েল্ রেজিমেণ্ট্ ব্যাণ্ড (১ম ব্যাটেলিয়ন্)। সোমবার ২২শে ডিসেম্বর সন্ধ্যা ৬॥০—৭টা সেণ্ট পল্‌স ক্যাথিড্রেলের অর্গ্যান বাজনা। মঙ্গলবার ২৩শে ডিসেম্বর বেলা ১-১৫ রোটারী ক্লাব থেকে বাজনা। শনিবার ২৭শে ডিসেম্বর রাত্রি ৯-৩০টায় কলিকাতা ষ্টেশনের প্রধান পরিচালক মিঃ জে, আর, ষ্টেপ্‌লটনের বেতার সম্বন্ধে আলোচনা। ঐ দিন রাত্রে নাচের বাজনা ১১টা পর্য্যন্ত। রবিবার ২৮শে ডিঃ বেলা ১১-৫০ মিঃ-১টা পর্য্যন্ত ইংরাজি বাজনা (নানারকমের)। মঙ্গলবার ৩০শে ডিসেম্বর তারিখে বেলা ১—১৫ মিঃ রোটারী ক্লাবের বাজনা। এই দিন রাত্রে ক্যাল্‌ক্যার প্লেয়ার্স একটি হাস্যরসাত্মক নাটিকা অভিনয় করবেন। রাত্রি ৯॥ টায়। নাটিকার নাম "বক্স্ ও কক্স।"

---

স্পন্‌সার্ড প্রোগ্রাম জিনিষটা কি সে সম্বন্ধে আমরা ইতিপূর্ব্বে আলোচনা কোরেছিলুম। অনেকে ঠিক বুঝতে পাচ্ছেন না ব্যাপারটি কি? এ বিষয়ের সব কিছু বুঝতে পারবেন নিম্নলিখিত যে কোন দিনের ইউরোপীয় প্রোগ্রাম শুনলে। ২২শে (বেলা ১—১৫ মিঃ) ২৬শে (সন্ধ্যা ৬॥০ টায়) ২৯শে (বেলা ১—১৫ মিঃ) ৩১শে (বেলা ১—১৫ মিঃ) ডিসেম্বর ১৯৩০।

---

"বেতার জগৎ" পত্রিকার চাহিদা অত্যন্ত বৃদ্ধি পাওয়াতে আমরা পত্রিকার সংখ্যা বৃদ্ধি করবার ব্যবস্থা করছি। তবে কবে আমরা করতে পারবো সে বিষয়ে কাউকেই আমরা এখন জানাতে পাচ্ছি না। সাধারণের প্রতি অনুরোধ পত্রিকা নিশ্চিতরূপে পেতে হ'লে গ্রাহক হওয়াই বাঞ্ছনীয়।

---

# মহিলা-মজলিস

## নীনা।

[ শ্রীমতী জ্ঞানদাবালা মিত্র ]

( পূর্ব্বপ্রকাশিতের পর )

সাহেবের ছেলেটি বড় সুন্দর! আমার কাছে ছুটিয়া ছুটিয়া প্রায় আসে—কত খেলা করে। এই শিশু-দৈত্যটির অত্যাচার মাঝে মাঝে কিছু অতিরিক্ত হইয়া পড়িলেও আমার তাহাকে বড় ভাল লাগিত। একদিন আমার অফিস ঘরের দোয়াতের ছিপি খুলিতে গিয়া সে হাতমুখ কালো করিয়া ফেলিল। মেমসাহেব খবর পাইয়া ছুটিয়া আসিলেন, একটু অপ্রস্তুত ও হইলেন। আমাকে বলিলেন 'বাবু, আপনি কিছু মনে করবেন না ও ভারী দুষ্টু!' আমি হাসিয়া বলিলাম 'না', না আমি কি মনে কর্‌বো, আপনি ওর হাতমুখ গুলো পরিষ্কার করে দিন!"

সেই সময় সাহেবও ঘরে আসিলেন এবং শিশুর এই চাঞ্চল্য ও অপরাধ দেখিয়া তিনিও হো হো করিয়া হাসিয়া উঠিলেন। সাহেবের এই ক্ষুদ্র পরিবারের মধ্যে আমি বিদেশী হইয়াও যেন তাঁহাদের দলভুক্ত হইয়া গিয়াছিলাম। সাহেব বেবির দুষ্টামীর আরও কতকগুলি পরিচয় আমার কাছে দিলেন, আমি বেবিটিকে যে এখনও সম্পূর্ণ চিনি নাই এ কথাও তিনি বলিলেন। মেমসাহেব বেবির হাত ধরিয়া বাহিরে লইয়া গেলেন। মনে হইল বেবির এই ক্ষুদ্র অপরাধের জন্য তিনিও যেন সঙ্কুচিত হইয়া পড়িয়াছেন।

মেম সাহেবের ব্যবহারের মধ্যে এমন একটি আশ্চর্য্য মাধুর্য্য ছিল যাহা সহজেই লোককে আকৃষ্ট করে! কথায়, বার্ত্তায় ব্যবহারে মনে হইত ঠিক যেন বাংলাদেশের একটি সরল গৃহস্থ বধূ। অপর সাহেবেরা হাত ধরাধরি করিয়া বিকালে বেড়াইতে বাহির হইতেন, আমার সাহেব এবং মেমসাহেবও বাহির হইতেন বটে, কিন্তু আজ পর্য্যন্ত কখনও তাঁহাদের পতী-পত্নীর মত ব্যবহার করিতে দেখি নাই এবং উভয়ের মুখেই সে সময় এমন একটি বিষাদের ছায়া আমি দেখিতাম যে জন্য আমার মনও ভারী হইয়া উঠিত। একটা অজ্ঞাত ম্লানিমা সর্ব্বদাই যেন তাঁহাদের ঢাকিয়া রাখিয়াছে দেখিতাম। কিসের এ দুঃখ, এ জ্বালা তাহা আমি কিছুতেই বুঝিতে পারি নাই। সাহেব উদার প্রকৃতির লোক, তাঁহার সরলা সুন্দরী স্ত্রী অথচ মনে সুখ নাই কেন? ইঁহাদের এইরূপ অবস্থা কিসের জন্যে তাহা জানিবার জন্য আমার অদম্য কৌতুহল হইত কিন্তু সে কৌতুহল মিটাইবে কে? ——কাহাকে জিজ্ঞাসা করিব?

শীতের পূর্ব্বেই গাছের জন্য কাচের ঘর তৈয়ারী হইতেছে। কোন কোন জাতীর গাছ এমন আছে যে শীতে শুখাইয়া যায়, সেইজন্যই এই সাবধানতা। মেম-সাহেব খুব ব্যস্ত হইয়া সমস্ত পরিদর্শন করিতেছেন। তখন সন্ধ্যা ঘনাইয়া আসিয়াছে আমি কাজ করিতে করিতে কয়েক মিনিটের জন্য বাহিরে গিয়াছি, ফিরিবার সময় দেখি সাহেব কাহাকে ডাকিতেছেন 'নীনা, নীনা শিগ্‌গির এখানে এস।" দেখি মেমসাহেব তাড়াতাড়ি সাহেবের কামরার দিকে ছুটিলেন। ব্যাপারটা কিছুই বুঝিতে পারিলাম না। অনেকক্ষণ কি কথা হইল। দূর হইতে দেখিলাম মেম সাহেবের মুখ আরক্তবর্ণ তিনি বাহিরে চলিয়া যাইতেছেন। পিছনে সাহেব—তাঁহার চোখ দুটা ঠিক রক্তবর্ণ ও মাতালের মত। আমাকে সেখানে দাঁড়াইয়া থাকিতে দেখিলে তাঁহারা অসন্তুষ্ট হইবেন ভাবিয়া আমি সেখান হইতে সরিয়া গেলাম। মনের মধ্যে যে কৌতুহল ছিল তাহা দ্বিগুন হইয়া উঠিল।

অক্টোবরের শেষাশিষি একটি জরুরি কাজ লইয়া

সেদিন সাহেবের বাঙ্গালায় গেলাম। শুনিলাম সাহেব সকালে বাহিরে গিয়াছেন এখনও ফেরেন নাই। তখন রাত্রি। ডিনারের সময় উত্তীর্ণ হইয়া গিয়াছে সাহেবের দেখা নাই—কারণটা ঠিক বুঝিতে পারিলাম না অথচ আফিসের বহু জরুরি কার্য্য বাকী রহিয়াছে। অনেকক্ষণ অপেক্ষা করিয়া ভাবিলাম 'যাই মেসে গিয়া আহারাদি করিয়া আসি। যাইবার সময় দেখিলাম মেম সাহেব বাগানে চঞ্চল হইয়া ঘুরাফিরা করিতেছেন। সুন্দর জোৎস্না!—কিন্তু এই জ্যোৎস্নার আলোক মেমসাহেবের মূর্ত্তিটি যেন আরও বিষাদময়ী করিয়া তুলিয়াছিল। ভাবিলাম হয়ত সাহেব এখনও ফিরিয়া আসেন নাই বলিয়াই চিন্তিতা হইয়া পড়িয়াছেন।

মেস হইতে আহারাদি সারিয়া সাহেবের বাংলায় প্রত্যাবর্ত্তন করিতেই সাহেবের গলা শুনিতে পাইলাম। বাংলা-সংলগ্ন আফিসের বারান্দার কাছে দাঁড়াইয়া তাঁহার স্ত্রীর সহিত কথাবার্ত্তা কহিতেছিলেন। তখন রাত্রি বেশ গভীর। ভাবিলাম এত রাত্রে ইঁহারা বারান্দায় দাঁড়াইয়া কথা বলিতেছেন কেন? বারান্দার পিছন দিকে লতান ফুলের গাছ ছাইয়া আছে। আমার অদম্য কৌতুহল হইল তাঁহাদের কথাবার্ত্তা শুনিবার জন্য। পাতার অন্তরালে আমি আত্মগোপন করিলাম। পাতার ফাঁক দিয়া তাঁহারা যে স্থানে দাঁড়াইয়াছিলেন তাহা বেশ দেখা যাইতেছিল। পূর্ব্বে কি কথাবার্ত্তা হইয়াছিল জানিনা দেখিলাম সাহেব হাঁটু গাড়িয়া মেমসাহেবের পায়ের কাছে বসিয়া——কাতর দৃষ্টিতে বলিতেছেন, 'নীনা, নীনা আমায় পাগল কোরোনা দয়া কর! দয়া কর!"

[ ক্রমশঃ ]

---

# ছোটদের বৈঠক

---

কল্যাণমস্তু ——

তোমাদের বৈঠকে কখনও আসিনি আজকে বাধ্য হ'য়ে এসে পড়লুম। তোমরা হয়ত চটবে—বলবে গল্পদাদুকে ডাক, কিন্তু অনেক ডাকেও তাঁর সাড়া পেলুম না! শুধু একটু উঁ শুনলুম, তখন বাধ্য হয়েই আমাকে দু' কলম লিখতে হচ্ছে। কারণ শুধু 'উঁ" তো আর চলেনা। গল্পদাদু আফিম ছেড়েছেন জানোতো, কিন্তু এখন তার পরিবর্ত্তে নিশ্চয় গোপনে গোপনে আর কিছু ধরেছেন, কারণ এই কিছুদিন পূর্ব্বে একটা শিল নোড়া কিনে নিয়ে গেলেন। বল্লেন 'ডাল বাটা খাব'—বুঝতেই পার্চ্ছ? তাঁর কাছ থেকে লেখা আদায় করলেও নিস্তার নেই, সে আবার আর এক বিপদ—নতুন কোরে কপি করতে হয়। একবার নিজের একটা লেখা সাতদিন বাদে যখন নিজেই পড়তে পারলেন না তখন বাজী রাখলেন যে সে রকম লেখা তাঁর দ্বারা কিছুতেই সম্ভবপর নয়। শেষকালে ৫৲ টাকা নগদ গচ্ছা গেল—অবশ্য এখনও টাকাটা দেননি পরে দেবেন বলছেন কারণ কোন সালের কোন্ তারিখে সেটা দেবেন তাতো বলেন নি। যাইহোক্ ও সব বাজে কথা যাক্! তোমাদের একটি রেডিও সার্কেল হয়েছে, তোমরা অনেকে তার মেম্বার বা সদস্য হয়েছ। এর উদ্দেশ্য যে কত বড় তাও জান। রেডিও সার্কেলের প্রয়োজনীয়তা কি রকম সে সম্বন্ধে বেশী বলবার আবশ্যক নেই এবং যদিও বা থাকে তা' পরে বল্লে চলবে। আপাততঃ এইটুকু বললেই চলবে যে বার্ষিক চাঁদা কমপক্ষে আট আনা, তোমরা ইচ্ছা করলে অবশ্য যে যার সামর্থ্যমত বেশীও দিতে পার। এই চাঁদা জড় কোরে একটা রেডিও সার্কেলের ফাণ্ড তৈরী হবে। সেই ফাণ্ড থেকে অনাথ আতুর বালকদের

# IT IS NOT THE FINISH OF THE CABINET, BUT-

## THE COMPONENTS THAT DECIDE THE MERITS OF YOUR MAIN SET

Bombay Radio Co., specialise in Mains Receivers Components.

All Components are subject to Bombay Radio Co's guarantee.

When buying your set, see that Bombay Radio Co's guaranteed Components are sol ly used.

## FOR BEST RESULT IT IS ESSENTIAL THAT

| | | |
|---|---|---|
| The Valves | are | Cossor |
| The Valveholder | is | Benjamin |
| The Condensers | are | Hydra |
| The Panel | is | Redfern's |
| The Switch | is | Benjamin |
| The Coils | are | Lissen |
| The Choke | is | Weilo |
| The Tuning Condensers | are | Ormonds |
| The Dial | is | Ormond |
| The Wire | is | Glazite |
| The Terminals | are | Belling-Lee |
| The Resistances | are | Electrad |
| The Loudspeaker | is | Brown |
| The Headphone | is | Brandes |
| The Transformers | are | Lissen |




**This splendid Catalogue describing all the Components mentioned above and many others, Over 500 illustrations, FREE TO ALL CALLERS or BY POST FIVE ANNAS.**

SOLE DISTRIBUTORS IN INDIA

*For*

BROWN, BLUE SPOT, BENJAMIN, BELLING-LEE, BRANDES, COSSOR, ELECTRAD, HYDRA, LISSEN, ORMOND, WEILO,

# BOMBAY RADIO Co., Ltd.

THE WIRELESS HOUSE

**43/1/D, DHARAMTOLA ST., CALCUTTA.**

*Head Office* : **Queens Road, 'BOMBAY.**

বেতার যন্ত্র কিনে দেওয়া হবে এবং অন্যান্য প্রকারে সাহায্য করা হবে —ওজন বুঝে। তা ছাড়া বিলেতের মেয়ে বা ছেলের সঙ্গে সমবয়সী বালক বালিকাদের আলাপ পরিচয় করিয়ে দেওয়া হবে। তিন থেকে আঠার বছরের বালক বালিকারা পর্য্যন্ত এতে যোগদান কর্ত্তে পারবে: মেম্বাররা চমৎকার একটি ব্যাজ পাবে যার দাম মাত্র দু' আনা। আসছে বারে সার্কেল সম্বন্ধে তোমাদের গল্প দাদু অনেক কিছু বলবেন। ইতি

—তোমাদের
শ্রীনৃপেন্দ্র মজুমদার

---

# দক্ষিণ আফরিকায় হিন্দু মন্দির।

## ভারতের অতীত গৌরব কাহিনী।

——"চিন্তামণি"——

ভারতীয়েরা যে চিরকাল শান্ত সুবোধ বালক হয়ে, চাষ কর্ত্তো খেত আর মরবার সময় মরে যেত আর সুবিধা পেলেই পাশ্চাত্য ঐতিহাসিকের মতে Epidemic বা সংক্রামক রোগের ঠেলায় দলবদ্ধ হ'য়ে মরে যাবার প্রয়োজন বুঝত একথা কতদূর সত্য বা সত্যের অপলাপ তাহা যাহারা বলেন, তাহারা মনে মনে খুবই বোঝেন জগতের প্রত্যেক নব আবিষ্কৃত তথ্যের বা সত্যের একটা অপলাপের চেষ্টা হয়। তাই বর্ত্তমান দক্ষিণ আফরিকায় কোন অজানিত যুগের উচ্চাঙ্গের সভ্যতার ভূরি ভূরি নিদর্শন পেয়ে আজ সভ্য জগতে এত আলোচনা। ভারতীয়েরা কোন দাবী দাওয়া না করা সত্ত্বেও আজ জগৎ মান্য পণ্ডিত মণ্ডলী মীমাংসা করেছেন, যে এই দক্ষিন আফেরিকায় কোন বিস্তৃত যুগের অপূর্ব্ব সভ্যতা, ইহা ভারতীয় সভ্যতা। এমন কোন নির্জ্জীব ভারতীয় আছে যে তারই কোন পূর্ব্ব পুরুষ কোন সুদূর অতীতে সাগরে ঝাঁপিয়ে পড়ে দক্ষিণ অফেরিকায় সম্রাজ্য স্থাপন করেছিল শুনে আনন্দ অনুভব কর্ব্বেন না, গর্ব্বে তার বুকটা দশহাত হবে না। কষ্টে দুঃখে, অভাবে, শারীরিক ও মানসিক ক্লেশে ম্রিয়মান হরেক রকম ব্যাধিতে তুমি দুর্ব্বল অন্তঃসারশূন্য। থাকার মধ্যে তোমার ভিতরে আছে শুধু প্রখর চিন্তার ধারা। আজ তাই নিয়েই তোমাদের ডাকছি, এস। তোমরা কি ছিলে একবার ভাব,—একবার শুধু শোন,—আর ইচ্ছা হয় নিজে দেখে এস। তোমরা গানে, গল্পে, ধর্ম্মে ও জ্ঞানে পুরা জগতের শীর্ষ স্থানীয় ছিলে, তা' সভ্য জগৎ স্বীকার করেছে। আজ আবার তারাই বলে দিচ্ছে, তোমরা,—এই নির্জ্জীব ভারতীয়েরা কি দুর্দ্ধর্ষ জাতই না ছিলে। ভীষণ উত্তাল তরঙ্গময় সাগর ২৫০০ হাজার মাইল সাগর জল ব্যবধান, তোমাদের গতি রোধ কর্ত্তে পারেনি, কাঠের ভেলায় পাল উড়িয়ে দক্ষিন আফেরিকার কূলে নঙ্গর ফেলে ছিলে তোমরাই,—আদিম অধিবাসীকে তরোয়ালের দাবীতে বশ করে, নিজেদের সভ্যতা, নিজেদের জ্ঞান, নিজেদের ধর্ম্ম তাদের দিয়েছিলে, হয়ত তাদের সমর পিপাসু জাতকে তোমার অসির ধারে নিঃশেষ করেছিলে, হয়ত তাদের দেশের মণিমাণিক্য, লোহা, তামার খনি নিজেরা খনন করে, নিজের দেশে এনে ভারতের ধন ভাণ্ডার পূর্ণ করেছিলে তাই আজ তাদের লোহা, তামার, সোনার খনি গুলো বলে দেবে যে ভারতীয়েরাই আমাদের কেটে কুটে, যে রকম করে, নিজের দেশের খনিগুলো খোঁড়ে, সেই রকম করে সব নিয়ে গিয়েছে। হয়ত বিজিত হৃত সর্ব্বস্ব নিঃস্ব, ধ্বংশ উন্মুখ জাতির শেষ অভিশাপ অগ্রাহ্য করে, হাসতে হাসতে আবার নঙ্গর তুলে পাল উড়িয়ে সাগর ঢেউয়ের মাথায় মাথায় ছুটেছিলে অন্যদিকে। বিশ্বগ্রাসী ক্ষুধা ছিল তোমার। ভারত বন্দরে নঙ্গর তুলে অসি দিয়ে জয় কর্ত্তে কর্ত্তে আমাদের এই ছোট মাটির পিণ্ডটাকে বেষ্টন করে, একেবারে নঙ্গর ফেলেছিলে আমেরিকার সাগর পারে। তাকে দিলে তোমার অসি, সভ্যতা ও ধর্ম্ম। সে আর একদিন বল্‌ব। আজ আফরিকার (Africa) বিষয় বলি। যে কথা গুলো বল্লাম, তাহা' একটা মানসিক উন্মাদনার ফল নয়। তাহা' প্রমান কর্ব্ব বলেই বল্লাম। হয়ত

অনেকে ভাবছেন যে, পণ্ডিত চিন্তামনি ছোট কলিকার সাহায্য নিয়েছেন, আর তার ফলেই এই মানসিক উন্মাদনা—মোটেই না। যাদের কথা আপনাদের বিশ্বাস হবে, যারা এই বিস্মৃত যুগের সভ্যতার পরীক্ষক পাশ্চাত্য পণ্ডিত। তাদের কথা ও সিদ্ধান্ত এই খানে সংক্ষেপে বল্‌ব। বিগত বুয়ার যুদ্ধের রঙ্গভূমি বর্ত্তমান ইংরাজের Transval উপনিবেশের উত্তরে বিস্তৃত ভূখণ্ড, যা বিখ্যাত ইংরাজ রাজনৈতিক সিসিল রোডসের চেষ্টায় ও সাহায্যে ইংরাজ রাজ্যভুক্ত হয়েছিল বর্ত্তমান নাম রোডেসিয়া, এই রোডেসিয়াতে যখন ইংরাজ উপনিবেশিকেরা প্রথম বাস কর্ত্তে যায় তখন সেখানে জুলু নামে এক জাতীয় লোক বাস কর্ত্ত। গরুই তাদের প্রধান সম্পদ ছিল। এই জুলুদের ভিতর একটা জাত, তাদের মেসনা বলে তারা একরকম শান্তসুবোধ ছিল, কিন্তু জুলুদের ভিতর মেটাবলি বলে, একজাত ছিল তারা দীর্ঘাকৃতি, বলিষ্ঠ। ঢাল ও বর্শা তাদের একমাত্র অস্ত্র ছিল। নির্ভীক দুর্দ্ধর্ষ যোদ্ধা। ভয় কি বলে, তারা জানে না। তারা তাদের রাজা লো-কোঁ উলার অধীনে ইংরাজদের সঙ্গে ভীষণ লড়াই করেছিল। তারা এখন প্রায় ধ্বংশ হয়ে গেছে। তারপর যখন শ্বেত ঔপনিবেশিকেরা দেশটা দখল করে, তখন তারা পূর্ব্বকালের অনেক নগরের ধ্বংশাবশেষ দেখতে পায়, বহু স্থানে লোহা, তামার সোনার খনি আবিষ্কার করে। কিন্তু দেখতে পায়, বহু যুগ পূর্ব্বে অন্য কোন বিস্তৃত সভ্য মানব জাতি এই সব খনিতে কাজ করে' গেছে, এবং এই সব নগরে বাস করেছে, যার ধ্বংশাবশেষ এখনও বর্ত্তমান রয়েছে। ক্রমে ক্রমে জঙ্গল গাছ পালা সাফ কর্ত্তে কর্ত্তে দেখা গেল, বড় বড় দুর্গ কেল্লা, প্রাচীর বেষ্টিত নগরী, প্রাচীর-বেষ্টিত মন্দির, এই সব ধ্বংশাবশেষ অতীত কালের এক অপূর্ব্ব লুপ্ত সভ্যতার নিদর্শন। বেশীর ভাগ মন্দির বা কেল্লা পাহাড়ের উপর, চারিধারে গোলাকার আস্ত পাথরের প্রাচীর বেষ্টিত। পাথর কেটে সুন্দর ভাবে ছুলে একের উপর আর একটা লাগিয়ে বিনা মশলায় উচ্চ প্রাচীর ও মন্দির তৈয়ারী করেছে। কোন কোন জায়গায় এখনোও অবধি ১১ হাতের উপর চাওড়া প্রাচীর বর্ত্তমান রয়েছে। পুরাকালে এই সব মন্দিরে যে দেবতা ছিল এবং এগুলো যে পূজার স্থান তা সহজেই অনুমান হয়। তারা অপূর্ব্ব কৌশলী; যারা এই সব ভীষণ ভারি পাথরের চাঁই দিয়ে পাহাড়ের মাথায় মন্দির কেল্লা, দেয়াল গড়েছিল—তারা যে বর্ত্তমান নিগরো জাতি নয় তার প্রমাণ—জগতের ইতিহাসে নিগরো এরূপ সভ্যতার কিয়দংশ ও দাবি রাখে না।

ধ্বংশাবশেষ খুঁড়তে খুঁড়তে দেখা গেল যে, এই বিস্মৃত জাতি, লড়ায়ের অস্ত্র শস্ত্র, কাঁচ, বাসন, সোনার গহনা ইত্যাদি তৈয়ারীতে খুবই পারদর্শী ছিল। এখন কথা হচ্ছে, তারা কে যারা এই সব খনিতে কাজ করেছিল, এই সব নগর নগরী স্থাপন করেছিল, এই সব পাহাড়ের মাথায় আকাশ স্পর্শী দেব মন্দির করেছিল যারা এই সব বড় বড় দুর্গ গড়েছিল। পাথরের প্রাচীর দিয়ে পাহাড় ঘিরে সহর রচনা করেছিল। তারা কারা? সভ্য জগৎ জানতে চেয়েছিল, নিরপেক্ষ Marshman সাহেবের কথায় Who worked these ancient mines and built these great walls which still after thousand of years frown down upon the grassy plain? What strange forgotten race was this which brought civiliztion into the heart of Africa, When our ancestors were painted savage? অনেক রকম কথা উঠছিল। কেউ বলেন, বাইবেল যে Land of oppia এটা তাই, কেউ বলেন, রাণী Sheba এই সব পরিত্যক্ত সহরে রাজত্ব কর্ত্তেন কেউ বলেন এই সব খনি হতে রাজা Soloman তাঁর মন্দিরের জন্য সোনা নিয়েছিলেন। এমন কি একজন ইংরাজ মহিলা তিনি মনে করেছিলেন, যে এ সব নিতান্ত আধুনিক। মহিলাটির প্রত্নতত্ত্ব বা স্থাপত্য বিদ্যা নাই এবং তার দাবীও নাই তিনি সখ করে দেখতে গিয়েছিলেন। তাঁর নাম, মিস কেটন কাম্পবেল। ডাক্তার ফ্রোবেনিবস, একজন বিখ্যাত জার্ম্মান পণ্ডিত তিনি প্রথম প্রমাণ করেন এবং পণ্ডিত মণ্ডলী তাঁরই সিদ্ধান্ত মেনে নিয়েছেন যে এই পূর্ব্বগ্রীস ঐতিহাসিকের যুগের সভ্যতা ভারতবর্ষ

হতে এসেছিল। তার প্রমান নগরের গঠন প্রণালী মন্দিরাদির আকার, গঠন ও মালমশলা। ভারতে যেরূপ ভাবে স্থাপত্য আজও অবধি বিগুমান রয়েছে, তারই অনুরূপ। যেরূপ ভাবে লোহা, সোনা, তামার খনিগুলি খাদ কাটিয়া আজও অবধি ভারতের বিভিন্ন প্রদেশে কাজ করা হয়, সেইরূপ প্রণালীতে কাজ করা হয়েছে। এইরূপ ভাবে খনি খনন করা এসিয়া বাসীর বিশেষত্ব যাহাকে ইংরাজী ভাষায় Irregating trenches বলে। প্রাগ ঐতিহাসিক যুগের কোন অধুনালুপ্ত জাতীয় নিদর্শনের সঙ্গে ইহার কোনরূপ ঐক্য নাই ইহা পুরাকালের মিসরিয় সভ্যতার ঢেউ নয়। কারণ আড়াই হাজার বি. সি ( 2500 ) ইজিপটিয়ান রা Zimbobwe দের নিকট হইতে তামা ক্রয় করিত। জিম্বউই ( Zimbobwe ) সভ্যতা তাহা হইলে মিসরিয় হইতে ২৫০০ হাজার বৎসরের পুরানো সভ্যতা। পক্ষান্তরে বলা যাইতে পারে মিসরের সভ্যতা Zimbobwe সভ্যতার একটি শাখা মাত্র বা তাহাদের নিকট প্রভুত ভাবে ঋণী। Zimbobwe সভ্যতা দক্ষিণ আফেরিকায় বিস্তৃত হয়েছিল, পণ্ডিতরা বলেন, খৃষ্ট জন্মাবার ৫০০০ বৎসর পূর্ব্বে। তার ২৫০০ বৎসর পরে মিসরীয় সভ্যতার অভ্যুত্থান হয়। ডাক্তার ফ্রোনিবস বলেন যে, বেবীলিয়নরা ভারতে আসিয়া সুমেরিয়ন সভ্যতা বিস্তার করেন এবং এই সভ্যতা ভারতবাসী যেখানে সেখানে স্থাপন করেন। যদি এই সব নগর দুর্গ মন্দির ভারতবাসীরাই তৈয়ারী করিয়া থাকে ত নিশ্চয়ই তাদের নিজেদের দেশে কিছু না কিছু ধ্বংশাবশেষ বা অন্য কোন নিদর্শন থাকিবে। তিনি নিজে ইহা মীমাংসা করিবার জন্য ভারতবর্ষে আসিয়া সম্প্রতি বিভিন্ন প্রদেশ পর্য্যটন করেন এবং আশ্চর্য্যের বিষয় যে দক্ষিণ আমেরিকায় Zimbobwe মন্দিরের অনুরূপ একটী মন্দির ভারতবর্ষে পেয়েছেন। এই মন্দিরটি দক্ষিণ মহারাষ্ট্র প্রদেশে হাম্পী নামক দেশে আছে। দক্ষিণ এফ্রিকায় Zimbobwe ও ভারতবর্ষের হাম্পীর মন্দির এদের ভিতর কোন পার্থ্যক্য নাই। মাল মশলা গঠন প্রণালী কৌশল ও স্থাপত্যগুলির ধরণ ধারণ দেখলেই স্বতঃই মনে হবে যেন দুই মন্দির একই কারিগরের হাত। সেইজন্য ডাক্তার ফ্রোনিবস হাম্পী ( Hamphi ) মন্দিরটীকে জিম্বউইর ভাই Brother of Zimbobwe বলেছেন। এমনকি দুই মন্দিরের দুই দেবতার গহনা ও অলঙ্কার একই, কোনরূপ ভেদ নাই। জিম্বউই যে হিন্দু মন্দির তাহার অগ্নিপরীক্ষা হয় ব্রন্জের গহনা দ্বারা। ব্রন্জ জিনিষ বেবীলিয়নিয়েরাও ভারতীয়েরা ছাড়া আর কেউ জান্‌তনা। প্রাগ-ঐতিহাসিক যুগে ভারতীয়রা বেবিলানে ব্যাবসা কর্ত্তে যেত। দুটি দেশের ভিতর ব্যবসাও সভ্যতার আদান প্রদান হত। সুমেরিয়ানদের কাছ থেকে ভারত—হতে পারে তারাও সুমেরিয়ান কিম্বা ভারতের নিকট হতে সুমেরিয়ান শিখেছিল। এখন zimbobwe ও Hamphi মন্দির সুধু যে প্রত্যেক বড় ক্ষুদ্র ও সুক্ষ্ম কাজে মিলে গেছে তা নয়, আবার zimbobwe দের ধ্বংশাবশেষ খুঁড়তে খুঁড়তে যেরূপ যেরূপ মন্দিরের গায়ের ব্রন্জের গহনা পাওয়া গিয়াছে Sind প্রদেশে হাম্পীর মন্দিরের ধ্বংশাবশেষ খুঁড়তে খুঁড়তে সেইরূপ দেবতার গায়ের ব্রন্জের গহনা পাওয়া গিয়াছে। এ বিগু আফ্রিকায় ২৫০০ বৎসর পূর্ব্বে মিসর-সভ্যতা ছাড়া কোথায় পাওয়া যায় না। ভারতীয়েরা যে দক্ষিণ আফেরিকায় গিয়ে তাদের চলিত সভ্যতা বিস্তার করেছিল, তারা যে নিজেদের ধর্ম্ম শিক্ষা তাদের দিয়েছিল, নিজেদের দেশের পূজার মন্দির তাদের দেশে পাহাড়ের মাথায় গড়ে ছিল ইহা সভ্যজগৎ স্থির সিদ্ধান্ত করেছেন। পৃথিবীর চারিধারে যে খনন কার্য্য চল্‌ছে, তাহাতে ক্রমে ক্রমে প্রকাশ পাচ্ছে যে ভারতীয়রাও একদিন সারা জগৎটাকে তাদের সভ্যতায় ছেয়ে ফেলেছিল। এখন কথা হতে পারে তারা কিরকম করে এই ভীষণ সমুদ্র পার হতে পেরেছিল (সে সম্বন্ধে সুধুআজ বলে রাখি, যে) দক্ষিন আফরিকা যাবার সমুদ্রের এমন একটি রাজপথ রয়েছে যে জাহাজে চড়ে বসলেই ঠিক দক্ষিণ আফেরিকার দ্বীপকুলে নিয়ে যাবে। কেমন করে ভারতীয়েরা দক্ষিন আফরিকায় ২৫০০ মাইল সমুদ্র বেয়ে গিয়েছিল সে কথা আর একদিন বলব। *

* বেতারে প্রদত্ত বক্তৃতা।

# কর্পূর-মঞ্জরী

( আখ্যান-বস্তু )

পূর্ব্বদিক্‌পতি রাজা উদয়নের রাজোদ্যানে ঋতু উৎসবের আয়োজন হ'চ্ছিল। কবি বসন্তের জাগরণ সূচিত ক'রে দিলেন। এমন সময় ভৈরব-শঙ্করের মন্দির থেকে এক পূজারিণীর বন্দনা-গান ধ্বনিত হ'য়ে উঠল।

সেই দেব-মন্দিরের প্রাঙ্গণে বসন্ত-উৎসব অনুষ্ঠিত হ'বে, রাজ্যের সকলে যা'তে যোগদান কর্‌তে পারে তা'র ব্যবস্থা হয়েছে।

সেই দেশের সঙ্গীতাচার্য্য ভার্গব একটি মেয়েকে পারুল-বনে ফুল তুল্‌তে গিয়ে কুড়িয়ে পেয়েছিলেন—তা'র নাম রুচিরা, আজ মন্দিরে গানের সুরে-সুরে বসন্তকে জাগ্রত ক'রে তুল্‌লে। রুচিরার ধ্যানের মুহূর্ত্তে তার ধ্যানসুন্দর পুণ্ডরীক সেই মন্দিরে উপস্থিত হলো। পুণ্ডরীক রুচিরাকে ভালাবাসতো ; এবং তা'র ভালোবাসাও জয়ী হ'য়েছিল।

বসন্তোৎসবে রাজমহিষী "দেবী" সহচরী পরিবৃতা হ'য়ে সেখানে দেখা দিলেন। রাজা ও রাজসখা উপনীত হ'লেন। এই উৎসবমুখর প্রাঙ্গনের কোলাহল ভেদ ক'রে প্রতীহারীর কণ্ঠ ধ্বনিত হোলো—যোগীশ্বর এসেচেন এবং তাঁর সঙ্গে আছেন এক সুন্দরী রমণী। তাঁদের নাটমন্দিরে সসম্মানে নিয়ে আসা হোলো। রাজা এই নারীমূর্ত্তি দেখে আত্মহারা হ'য়ে প'ড়্‌লেন। ঠিক সেই সময়ে রুচিরার খোঁজে বৃদ্ধ সঙ্গীতাচার্য্য ভার্গব সেই মন্দিরে প্রবেশ কর্‌লেন।

রাজার অন্তর লোকে এই নায়িকা প্রেম উন্মথিত ক'রে তুল্‌লে। রাজা নায়িকা কর্পূরমঞ্জরীকে পা'বার জন্যে চঞ্চল হ'য়ে উঠ্‌লেন। তাঁর সখা কপিঞ্জল এই মিলন ঘটাবার চেষ্টা ক'রতে লাগ্‌লেন।

দেবী ক্ষুব্ধ হ'লেন। রাজার প্রণয়ের ব্যাপার দেখে' ও শুনে' তিনি অভিমানের বশে মন্দিরে ভৈরবের নিকট আপনার দুঃখ নিবেদন ক'র্‌লেন। তাঁর মন বিদ্রোহী হ'য়ে উঠ্‌লো কিন্তু এমনি ঘটনা ঘট্‌লো—যে তিনি অবশেষে কেমন ক'রে হার মান্‌লেন ; দুঃখের আঘাতে দেবীর অভিমান চূর্ণ হ'য়ে গেলো। তিনি পুনরায় স্বামীর মঙ্গললাভে তৃপ্ত হ'লেন।

যোগীর আচার্য্যের কাছে দেবী জান্‌তে পার্‌লেন যে কর্পূরমঞ্জরী তাঁর মাস্‌তুতো ভগিণী—বৈদর্ভ-রাজ-দুহিতা। তিনি অত্যন্ত দুঃখিতা ও লজ্জিতা হ'লেন—কর্পূরমঞ্জরীকে লাঞ্ছিত করার জন্যে। কর্পূরমঞ্জরীকে যোগীশ্বরের আনুকূল্যে রাজার কাছে আবার আনা হোলো। দেবী কর্পূরমঞ্জরীর পাণি রাজার সহিত যুক্ত ক'রে দিলেন। ঠিক সেই সময় খোঁজ প'ড়লো—রুচিরার।


## নিবেদন

বেতার যন্ত্র নির্ম্মাণ অথবা মেরামত কার্য্য যদ্যপি সুচারুরূপে এবং স্থায়ীভাবে করিতে চাহেন তাহা হইলে উহা বিজ্ঞ লোকের দ্বারাই করান উচিত নয় কি ?

আমাদের যন্ত্রশিল্পী তাপসেন্দু চাটুয্যে মহাশয় ১৪ বৎসর বিলাত, ফ্রান্স, আমেরিকায় শিক্ষালাভের পরে ভারতবর্ষে ফিরিয়া বেতার যন্ত্র উৎপত্তির সময় হইতে পারদর্শিতার সহিত কার্য্য করিয়া আসিতেছেন।

আপনার কার্য্য তাঁহার হাতে ছাড়িয়া দিয়া নিশ্চিন্ত হউন।

ইউনিভে রেডিও কোং
৬৭ নং ধর্ম্মতলা ষ্ট্রীট, কলিকাতা।
ফোন :—কলিকাতা ২৩৪০

THE AIR IS FULL OF MUSIC
"YOU NEED A RADIO"

এখন ভার্গব পুণ্ডরীক ও রুচিরার মিলন গান গেয়ে সম্পন্ন ক'র্‌তে ব্রতী হ'য়েছেন - ঠিক সেই সময়ে রাজদূত এলো—সংবাদ নিয়ে – রুচিরার ডাক প'ড়েছে রাজসভায়। রুচিরা রাজার মিলন-উৎসব পূর্ণ কর্‌লে। কিন্তু অবশেষে রুচিরা ও পুণ্ডরীকের মিলনে সেই উৎসব পূর্ণতর হ'য়ে উঠলো।

সকলেই আপন অন্তরের আনন্দরসে আপন অন্তরতমকে উপলব্ধি করে ধন্য হোলো। এই নাটিকার এই মর্ম্ম।

# কর্পূর-মঞ্জরী *

## সূচনা

দৃশ্য—রাজোদ্যান

ঋতু-উৎসবের আয়োজন; কুশীলবরা নাট্যোদ্‌যোগে প্রবৃত্ত—নানাজনে নানাকর্ম্মে রত; কেউ বাঁশীতে ফুঁ দিচ্চে, কেউ বীণার পর্দ্দা ঠিক কর্‌চে, কেউ মৃদঙ্গগুলি বাদ্যের জন্য সজ্জিত ক'র্‌চে, মাজাঘসা কাংস্য-করতাল থেকে ঝন্‌ঝন্ শব্দ ঝঙ্কৃত হ'য়ে উঠচে; আর ধ্রুব-সঙ্গীতের আলাপ চল্‌চে। এই কোলাহলে আকৃষ্ট হ'য়ে রাজমন্ত্রীর প্রবেশ; রাজার প্রবেশ। রাজার আদেশে কবি রাজশেখরকে আহ্বান। গানের দল।

শরৎঋতুর বিদায়-সম্ভাষণ থেকে আরম্ভ করে হেমন্ত ও শীতের বিদায় দিয়ে কবি গানের দলকে বসন্তের দ্বারে পৌঁছে দিলেন।

দূরে ভৈরব-শঙ্করের মন্দির-প্রাঙ্গণে একটি কণ্ঠস্বর শোনা গেল। ইতি সূচনা।

## প্রথম যবনিকান্তর

দৃশ্য—দেবমন্দির

পূজারিণী রুচিরা বসন্তের পূজা-নৈবেদ্য গানের সুরে নিবেদন ক'র্‌লে। রুচিরার প্রণয়প্রার্থী পুণ্ডরীক। রাজ-মহিষী দেবী ও প্রধানা পরিচারিকা বিচক্ষণার প্রবেশ। রুচিরাকে সেখানে থাকতে অনুরোধ। রাজার ও রাজ-বয়স্য কপিঙ্গলের প্রবেশ। বসন্ত ঋতু নিয়ে গান ও ও কবিতা। বিচক্ষণা ও কপিঙ্গলের কলহ। দ্বারে অতিথি—কৌলসম্প্রদায়ের যোগীশ্বর আচার্য্য। সঙ্গে ব্রহ্মানুবর্ত্তিনী শ্রুতিসম একজন মনোহারিকা কর্পূরমঞ্জরী। এই নায়িকার রূপে রাজা মুগ্ধ হ'লেন। এমন সময় সঙ্গীতাচার্য্য ভার্গবের প্রবেশ—রুচিরার সন্ধানে। কিয়ৎ-ক্ষণপরে ভার্গব ও রুচিরার প্রস্থান।

বৈতালিক ঘোষণা।

## অবকাশ

## দ্বিতীয় যবনিকান্তর

দৃশ্য—রাজপ্রাসাদ সংলগ্ন উদ্যান

রাণী (দেবী) র ক্ষোভ। সখী সারঙ্গিকা। রুচিরা। প্রতিহারী। রাজার প্রবেশ। কপিঞ্জল ও বিচক্ষণা। সঙ্গীতাচার্য্য ভার্গব। কর্পূরমঞ্জরী।

বৈতালিকের ঘোষণা।

## তৃতীয় যবনিকান্তর

দৃশ্য—দেবমন্দির

উপাসক ও উপাসিকাগণ। সঙ্গীতাচার্য্য ভার্গব। পুণ্ডরীক। রুচিরা। পরে রাজা ও বয়স্যের প্রবেশ। মদালসা ও কর্পূরমঞ্জরীর প্রবেশ।

বৈতালিকের ঘোষণা।

নেপথ্যে অন্তঃপুরচারীদের কোলাহল। দেবীর প্রবেশ। স্পর্শমণির খোঁজে এক পাগল।

পুণ্ডরীক ও রুচিরার মিলনের জন্য ভার্গব গাইতে ব'স্‌লেন।—রাজদূতের প্রবেশ। গান থাম্‌লো। রাজাদেশ জ্ঞাপন।

* আবশ্যক-বোধে কিঞ্চিৎ পরিবর্ত্তন বা পরিবর্জ্জন সম্ভব।

## চতুর্থ যবনিকান্তর

দৃশ্য—রাজোদ্যান "কেলিবিমান প্রাসাদ"

রাজা ও কপিঞ্জল—সারঙ্গিকা।

ভাবি-বট-সাবিত্রী উৎসব। যোগীশ্বর। কর্পূরমঞ্জরী। মদালসা। দেবী। রুচিরা। পুণ্ডরীক। সঙ্গীতাচার্য্য ভার্গব। মিলন উৎসব।—ইতি।

সমাপ্ত

## কর্পূরমঞ্জরীর পাত্রপাত্রীগণ।

রাজা উদয়ন ... ... রবিরায়
রাজবয়স্য কপিঞ্জল ... ... বীরেন বাবু
যোগীশ্বর আচার্য্য ... শিবকালি চট্টোপাধ্যায়
সঙ্গীতাচার্য্য ভার্গব ... ...
পুণ্ডরীক—ভার্গব শিষ্য ... ... রাইচাঁদ বড়াল
বৈতালিক ... ... পঙ্কজমল্লিক
মন্ত্রী ... ... বিজন বসু
কবি রাজশেখর ... ... শ্রীবিনায়ক
পাগল ... ... হীরেন বসু

রাজদূত, প্রতিহারী, উপাসক ও উপাসিকাগণ কুশীলবগণ।

দেবী ... ... মিস্ নিভাননী
কর্পূর-মঞ্জরী—নায়িকা ... ... মিস্ লাইট্
বিচক্ষণা ... ... মিস্ বীণাপাণি
মদালসা ... ...
সারঙ্গিকা ... ...
রুচিরা—ভার্গব-কন্যা ... ... মিস্ আভাবতী
পূজারিণী ... ...

কার্য্য-সংযোগস্থল—পূর্ব্বদিক্‌রাজ্য ( বৎস )

সময়—প্রাগৈতিহাসিক যুগ

---


# রুবি এণ্ড কোং

## ৩০০, বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা।

ফোন ঃ—কলিকাতা, ৪১০৫।

আমাদের এখানে সকল ভাষার রেকর্ড এবং সর্ব্বপ্রকার গ্রামোফোন, হারমোনিয়াম, এসরাজ ও অন্যান্য বাদ্যযন্ত্র বিক্রয় হয়।

একবার সোরুমে পদার্পণ করিয়া বাধিত করিবেন।



# যৎকিঞ্চিৎ

( আখ্যানভাগ )

বাঙ্‌লাদেশে যখন স্ত্রীশিক্ষার বিশেষ প্রচলন সুরু হ'ল, তখন যে সকল মহিলা উচ্চ শিক্ষা পাচ্ছিলেন, তাঁদের মধ্যে অধিকাংশই রোমান্স বা কাব্যের মত নিজেদের বাস্তব জীবন গঠন ক'রে তুল্‌তে চেয়েছিলেন। তথাকথিত উচ্চ শিক্ষার জন্যে মহিলারা বিকারগ্রস্তা হ'তেন এবং এই রোমান্সের বিকারকেই নাট্যকার কৌতুক-রসে ফুটিয়ে তুলেচেন। এই কৌতুক-নাটকের প্রাণ হ'চ্ছে এইখানে যে, পুরুষ ও নারীর জীবনে এমন দুর্ব্বল মুহূর্ত্ত আসে যে বাস্তব-জগতে তাদের স্বপ্ন ভেঙে যায়। নাটকটীর গল্প সংক্ষেপে এই :—

